

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস বন্ড কমিশনারেট  
৩৪২/১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
www.cbc.gov.bd

নথি নং- ৫(১৩)১৮০/বন্ডঃ কমিঃ/বিবিধ যোগাযোগ/২০০৭/ ২৪৭২

তারিখঃ ২২/০২/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ বিজিএপিএমইএ এর প্রতিনিধি দলের সঙ্গে সাক্ষাৎকার।


সূত্রঃ বিজিএপিএমইএ এর পত্র নং- বিজিএপিএমইএ/কাস্টমস বন্ড/২০২১/১২৭, তারিখঃ ০৬/০২/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রের মাধ্যমে বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ) কর্তৃক নিম্নবর্ণিত বিষয়ে আলোচনার জন্য এ দপ্তরে সাক্ষাৎকারের অনুমতি চেয়ে আবেদন করেনঃ

- (ক) বন্ড লাইসেন্সে নবায়ন ত্বরান্বিতকরণ;
- (খ) জাতীয় রাজস্ব বোর্ডের সর্বশেষ পরিপত্র অনুযায়ী আমদানি প্রাপ্যতা প্রদান;
- (গ) বন্ডের আওতায় আমদানিকৃত কাঁচামালের বর্ণনা ও এইচ.এস. কোডের গরমিলজনিত কারণে অন্তরবর্তীকালীন অঙ্গীকারনামার মাধ্যমে ভুল এইচ.এস. কোডে আমদানিকৃত পণ্য খালাসের ব্যবস্থাকরণ।

২। উক্ত আবেদনের প্রেক্ষিতে আগামী ২৩/০২/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় কমিশনারের সভাপতিত্বে এ দপ্তরের সম্মেলন কক্ষে একটি সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় আপনার মনোনিত অনধিক প্রতিনিধিগণকে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

প্রাপকঃ সভাপতি/সাধারণ সম্পাদক  
বিজিএপিএমইএ  
সোনারতরী টাওয়ার (১০ম তলা), ১২, সোনারগাঁও লিংক রোড  
বাংলামোটর, ঢাকা-১০০০।

  
[মোঃ মনিরুল হক সরকার]  
সহকারী কমিশনার  
কমিশনারের পক্ষে

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
- ২) যুগ্ম কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
- ৩) সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
- ৪) উপ কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
- ৫) রাজস্ব কর্মকর্তা (সদর দপ্তর), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা [সম্মেলন কক্ষ প্রস্তুতসহ আনুমানিক ৩০ (ত্রিশ) জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ৬) পি এ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা [কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য]।

[মোঃ মনিরুল হক সরকার]  
সহকারী কমিশনার